উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-২২/২০০৪/২৩৩৮ তারিখঃ ০৮/০১/২০১৭ইং

প্রতি,

১। নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ................................ ।

২। উপজেলা প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
..........................উপজেলা, জেলাঃ.......................... ।

বিষয় ঃ **চুক্তি বাস্তবায়ন সময় বৃদ্ধির ক্ষেত্রে অনুমোদিত সময়ের পূর্বে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানা যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা' ২০০৮ এর বিধি ৩৯(৩) অনুযায়ী ক্রয়কারী কর্তৃক প্রত্যাশিত কার্য সমাপ্তির তারিখ (Intended Completion Date) সম্প্রসারণের ক্ষেত্রে মূল সময়সীমার ২০% এর অধিক হলে ক্রয়কারী কার্যালয় প্রধানের (HOPE) অনুমোদন প্রয়োজন হয়। এছাড়া বিধি ৩৯(৪) অনুযায়ী কার্য সমাপ্তির সময়সীমা বর্ধিতকরণের সকল প্রক্রিয়া সময় বর্ধনের আবেদন প্রাপ্তির ২১ দিনের মধ্যে সম্পন্ন করতে হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, এ বিষয়গুলির দিকে লক্ষ্য না রেখে অধিকাংশ ক্ষেত্রে প্রত্যাশিত কার্য সমাপ্তির তারিখ অতিবাহিত হওয়ার পরে সময় বৃদ্ধির জন্য আবেদন করা হচ্ছে। এর ফলে অনুমোদিত সময়ের পরে মূল সময়সীমা বৃদ্ধির সিদ্ধান্ত প্রদান করতে হচ্ছে, যা অনাকাঙ্খিত জটিলতার সৃষ্টি করছে।

এমতাবস্থায়, কার্য সমাপ্তির সময়সীমা বর্ধিতকরণের সকল প্রক্রিয়া সময় বর্ধনের আবেদন প্রাপ্তির ২১ দিনের মধ্যে সম্পন্ন করার জন্য বলা হলো। সময় বর্ধনের ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের অনুমোদন প্রয়োজন হলে মূল/অনুমোদিত সময় শেষ হওয়ার কমপক্ষে ২৮ দিন পূর্বে আবেদন প্রেরণ করার জন্য নির্দেশ দেওয়া হলো। অন্যথায় দায়ীদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮/১/২০১৭
(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপিঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক (সকল), ......................................................এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

D:\e-GP Letter\e-GP Letter (2015-16).doc